

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
১৬, আব্দুল গণি সড়ক, ঢাকা-১০০০
e-mail: dms@dgfood.gov.bd
web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৭.৮০১(১)

তারিখ : ১৫/১১/১৭ খ্রিঃ

বিষয় : সড়ক পথে ১০,০০০ মেট্রন আতপ চালের চলাচল সূচি।

চট্টগ্রাম বন্দরে আগতব্য চালবাহী জাহাজ M.V. OEL MALAYSIA এ পরিবাহিত চাল দ্রুত খালাসের স্বার্থে এবং ইপি/ওপি, ভিজিডি, বিশেষ ভিজিএফ, ওএমএস ও জিআর খাতে চাহিদা পূরণের জন্য সড়ক পথে ১০,০০০ মেট্রন আমদানীকৃত আতপ চালের চলাচল সূচি নির্দেশক্রমে জারি করা হলো।

পরিবহণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলী পালনীয় :-

- ১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম প্রেরক হিসেবে কার্য সম্পাদন করবেন।
- ২। আখানি/চসনি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রম অনুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।
- ৩। কীট আক্রান্ত এবং নিম্মানের কোন আতপচাল প্রেরণ করা যাবে না এবং অধিদপ্তরের অনুমোদন ব্যতিরেকে সূচি বর্হিত্ত কোন কেন্দ্রে খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।
- ৪। প্রতি ট্রাক এ প্রেরিত আতপ চালের বিশ্লেষণ বিবরণীসহ নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে।
- ৫। মাত্রাতিরিক্ত পরিবহণ ঘটতির মূল্য আদায়ের ব্যবস্থা করতে হবে এবং ইনভয়েসের ফেরত কপি প্রেরকের নিকট যথাসময় পাঠাতে হবে।
- ৬। প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা খাদ্যশস্য প্রেরণ, প্রাপ্তি ও ভি-ইনভয়েস মনিটরিং করবেন এবং সপ্তাহ শেষে অত্র দপ্তরে প্রতিবেদন প্রেরণ করবেন।
- ৭। সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক / জেলা খাদ্য নিয়ন্ত্রক / সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা/ ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ সূচি অনুযায়ী চাল প্রেরণ এবং গন্তব্যস্থানে মালামাল যথাযথভাবে পরিবহণ ও প্রাপ্তি মনিটরিং করবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। কোন কেন্দ্রে থেকে বিনির্দেশ বর্হিত্ত/নিম্মানের আতপ চাল প্রেরণ করা হলে সংশ্লিষ্ট সকলের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গৃহীত হবে।
- ৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্রে থেকে ঠিকাদার ভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুত ও জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষর পূর্বক ফ্যাক্স মারফতে অধিদপ্তরকে প্রেরণ করতে হবে।
- ৯। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ তার অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।
- ১০। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ও ঠিকাদার ভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্স যোগে অধিদপ্তরকে প্রেরণ করবেন।
- ১১। এই সূচির মেয়াদ আগামী ২৫/১১/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
- ১২। সূচির নির্ধারিত তারিখের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে পরবর্তীতে আতপ ঠিকাদারের অনুকূলে উপ-সূচি জারি করার জন্য আখানি/চসনিদের অনুরোধ করা হলো।

প্রাপক : চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম।

স্বঃ
(মোঃ মিজানুর রহমান)
উপ-পরিচালক (চপরেস)
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ।
খাদ্য অধিদপ্তর, ঢাকা।
তারিখ : ১৫/১১/১৭ খ্রিঃ

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৭.৮০১/১(১০০)

অনুলিপি : সদয় অবগতি/অবগতির জন্য।

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিমহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, সববি/হিসাব ও অর্থ/সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট/চট্টগ্রাম।
- ৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক,.....।
- ৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা,..... এলএসডি।
- ৮। অফিস কপি।
- ৯। ই-মেইলে প্রেরণ।

স্বঃ
(মোঃ মিজানুর রহমান)
উপ-পরিচালক (চপরেস)
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ।
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

১৫/১১/১৭

